

# প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

**শিক্ষা মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট গঠন

অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দরিদ্র, মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষা নিশ্চিত করার নিমিত্তে দেশের সকল স্কুল/কলেজ/মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য একটি 'ট্রাস্ট ফান্ড' গঠনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০/৪/২০১০ খ্রি.তারিখে পরিকল্পনা মন্ত্রণালয়কে একটি লিখিত নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রণীত **'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১১'** গত ১২/১২/২০১১ খ্রি.তারিখে মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদন লাভ করে। ১১/০৩/২০১২ খ্রি. তারিখে নবম জাতীয় সংসদের দ্বাদশ অধিবেশনে **"প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বিল, ২০১২"** পাস হয়। সংবিধানের ৮০(২) অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতি ১৪ মার্চ, ২০১২ তারিখে উক্ত বিলে সদয় সম্মতি জ্ঞাপন করেন এবং ঐ তারিখেই 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২' বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়।

ট্রাস্ট আইনের ৩(১) উপ-ধারার বিধান মতে **"প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট"** নামে একটি **'ট্রাস্ট'** স্থাপন করা হয়। উক্ত ট্রাস্ট আইনের ৭(১) উপ-ধারার বিধান অনুযায়ী ০৫ (পাঁচ) সদস্য-বিশিষ্ট একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান। এ আইনের ৮(১) উপ-ধারা অনুযায়ী ২৩ (তেইশ) সদস্যবিশিষ্ট একটি **'ট্রাস্টি বোর্ড'** গঠন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ট্রাস্টি বোর্ড এর সভাপতি।

## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর দায়িত্ব ও কার্যাবলি

ক. ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক ও সমমান শ্রেণি পর্যন্ত দরিদ্র, মেধাবী ছাত্র-ছাত্রীদের বিনা বেতনে শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি ও উপবৃত্তি প্রদান;
খ. ট্রাস্টের তহবিলের জন্য অর্থ সংগ্রহ, সংরক্ষণ ও বিনিয়োগ;
গ. প্রতিষ্ঠান ও শিক্ষার্থী নির্বাচনের মানদণ্ড নির্ধারণ:
ঘ. উপবৃত্তির হার ও পরিমাণ নির্ধারণ;
ঙ. ট্রাস্টের সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও হেফাজতকরণ;
চ. ট্রাস্টের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ;
ছ. ট্রাস্টের অধীন গবেষণা কার্যক্রম পরিচালন;
জ. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের ট্রাস্ট ফাণ্ড সংক্রান্ত কাজে সম্পৃক্তকরণ;
ঝ. শিক্ষা কার্য্যক্রমে সরকারি, বেসরকারি সংস্থা ও সমাজের বিত্তশালীদের সম্পৃক্তকরণ;
ঞ. শিক্ষার্থী ঝরে পড়া রোধসহ সকল পর্যায়ে শিক্ষার গুণগত মান নিশ্চিকরণ:
ট. স্নাতকোত্তর পর্যায়ে উচ্চতর গবেষণার জন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে এম.ফিল. বা পিএইচ.ডি. কোর্সে নিবন্ধিত বা গবেষণায় নিয়োজিত গবেষককে ফেলোশিপ ও বৃত্তি প্রদান।

## ট্রাস্ট এর তহবিল

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এ স্থায়ী তহবিল হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে অর্থ মন্ত্রণালয় থেকে সিডমানি হিসেবে ১০০০.০০ (এক হাজার) কোটি টাকা পাওয়া যায়।

## ট্রাস্ট এর স্থায়ী তহবিলের বিবরণ

২০১১-২০১২ অর্থবছরে অর্থ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সিডমানি ১০০০.০০ (এক হাজার কোটি) টাকা, যা পাঁচটি তফসিলি ব্যাংকে এফ.ডি.আর. হিসেবে রাখা আছে।

## তহবিল হতে লভ্যাংশ প্রাপ্তি

| অর্থবছর | প্রাপ্ত লভ্যাংশ (টাকা) |
|---|---|
| ২০১২-২০১৩ | ১০৪.১৬ কোটি |
| ২০১৩-২০১৪ | ২৩.১২ কোটি |
| ২০১৪-২০১৫ | ১২৯.৯৭ কোটি |
| ২০১৫-২০১৬ | ১১৭.৩৮ কোটি |
| ২০১৬-২০১৭ | ৮৯.৬৩ কোটি |

বর্তমানে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর এফ.ডি.আর.কৃত টাকার পরিমাণ ১১৭৫,০০,০০,০০০.০০ টাকা। ব্যাংকে সঞ্চয়ি হিসেবে রক্ষিত মোট টাকার পরিমাণ ১০,৬৪,৭৫,৫৪২.১৭টাকা। মোট স্থিতির পরিমাণ ১১৮৫,৬৪,৭৫,৫৪২.১৭ (এক হাজার একশত পচাঁশি কোটি চৌষট্টি লক্ষ পচাঁত্তর হাজার পাঁচশত বিয়াল্লিশ টাকা সতের পঁয়সা) টাকা।

## উপদেষ্টা পরিষদ সভা

মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ১৩/০৩/২০১৩ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ট্রাস্ট এর উপদেষ্টা পরিষদের প্রথম, ০৫/০৪/২০১৫ তারিখে ২য়, ২০/০৪/২০১৬ তারিখে তৃতীয় এবং ২৩/০৪/২০১৭ তারিখে ৪র্থ সভা অনুষ্ঠিত হয়।



চিত্র: ২৩ এপ্রিল, ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর সভাপতিত্বে ট্রাস্ট এর উপদেষ্টা পরিষদের ৪র্থ সভা

## ট্রাস্টি বোর্ড সভা

মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ০২/০৫/২০১৩ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে ট্রাস্টি বোর্ডের প্রথম সভা, ১১/০৬/২০১৪ তারিখে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষে দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়। ট্রাস্টি বোর্ড তৃতীয় সভা ১২/০১/২০১৫ তারিখে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ে এবং চতুর্থ সভা ১২/১০/২০১৫ তারিখে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। ট্রাস্টি বোর্ড পঞ্চম সভা ২৭/০৯/২০১৬ তারিখে এবং ৩/০৮/২০১৭ তারিখে ষষ্ঠ সভা মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।




চিত্র: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষে ৩ আগস্ট ২০১৭ তারিখে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ডের ষষ্ঠ সভা

## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অফিস ভবন উদ্বোধন

১১/০৬/২০১৪ তারিখে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কার্যালয়ের আনুষ্ঠানিকভাবে শুভ উদ্বোধন করেন মাননীয় শিক্ষা মন্ত্রী জনাব নূরুল ইসলাম নাহিদ, এম.পি.। উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব আবদুস সোবহান সিকদার, শিক্ষা সচিব ড. মোহাম্মদ সাদিক ও ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: নূরুল আমিন (অতিরিক্ত সচিব)।



প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অফিস উদ্বোধন

## জনবল নিয়োগ ও প্রশিক্ষণ

যথাযথ নিয়োগ কমিটি এবং আউটসোর্সিং এর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে ১ জন ১ম শ্রেণির সহকারী প্রোগ্রামার, ১ জন ২য় শ্রেণির হিসাবরক্ষণ কর্মকর্তা, ৯ জন তৃতীয় শ্রেণির এবং ৯ জন চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগ প্রদান করা হয়েছে। ট্রাস্ট এর ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের জন্য অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।

## স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান প্রকল্প

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন পাঁচটি প্রকল্পের আওতায় দেশের ৬ষ্ঠ শ্রেণি থেকে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদান করা হচ্ছে। প্রকল্পসমূহের মেয়াদ শেষে দেশের ৬ষ্ঠ শ্রেণি থেকে স্নাতক ও সমমান পর্যায়ের সার্বিক উপবৃত্তি কার্যক্রম ট্রাস্ট এর অর্থে পরিচালিত হবে। বর্তমানে ট্রাস্ট থেকে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হচ্ছে।

## উপবৃত্তি বিতরণ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অর্থে ২০১২-২০১৩ থেকে ২০১৫-২০১৬ অর্থবছর পর্যন্ত স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ করা হয়েছে তার বিবরণ নিম্নরূপ:

| অর্থ বছর | উপবৃত্তি বিতরণের বছর | বিতরণকৃত টাকার পরিমাণ | শিক্ষার্থীর সংখ্যা | ছাত্রী সংখ্যা | ছাত্র সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ২০১২-২০১৩ | ২০১৩ | ৭২,৯৫,৩২,২০০.০০ টাকা | ১,২৯,৮১০ জন | ১,২৯,৮১০ জন | ০০.০০ জন |
| ২০১৩-২০১৪ | ২০১৫ | ৯১,৬৫,০৩,৯৮০.০০ টাকা | ১,৬৩,০৭৯ জন | ১,৪৮,৪০২জন | ১৪,৬৭৭ জন |
| ২০১৪-২০১৫ | ২০১৬ | ১১২,৩১,৭৯,৭৮০.০০ টাকা | ২,০৫,৪৭০ জন | ১,৬৭,৮২৬ জন | ৩৭,৬৪৪ জন |
| ২০১৫-২০১৬ | ২০১৭ | ১৩৪,২৪,৭৫,৪৬০.০০ টাকা | ২,৪৭,৮৩৩ জন | ১,৮৬,৭১৪ জন | ৬১,১১৯ জন |
| সর্বমোট | | ৪১১,১৬,৯১,৪২০.০০ টাকা | ৭,৪৬,১৯২ জন | ৬,৩২,৭৫২ জন | ১,১৩,৪৪০ জন |



১৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপবৃত্তির চেক বিতরণ করছেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.

## স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থী বাছাইয়ে আবশ্যকীয় শর্তাবলি

১. অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের সন্তান, প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম, নদীভাঙ্গন কবলিত পরিবারের সন্তান এবং দুস্থ পরিবারের সন্তানগণ উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

২. উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় মোট ১০০০০০/-(এক লক্ষ) টাকার কম হতে হবে ;

৩. অভিভাবক/পিতামাতার মোট জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী ০.০৫ (পাঁচ) শতাংশ এবং অন্যান্য এলাকায় ০.৭৫ (পঁচাত্তর) শতাংশের কম থাকতে হবে;

৪. আবেদনকারীকে জমির পরিমাণ ও বার্ষিক আয় সম্পর্কিত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট এলাকার সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সংশ্লিষ্ট ভূমি কর্মকর্তা/সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান থেকে সংগ্রহ করে সংযুক্ত করতে হবে;

৫. উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে স্নাতক (পাস)/সমমান (ফাজিল) পর্যায়ে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে;

৬. নিয়মিত শিক্ষার্থী হিসেবে শ্রেণীকক্ষে ৭৫% উপস্থিত না থাকলে তাকে উপবৃত্তি প্রাপ্তির যোগ্য বলে বিবেচনা করা যাবে না। এক্ষেত্রে আবশ্যিক বিষয় হিসেবে (বাংলা অথবা ইংরেজি) গনণা করা যেতে পাওে;

৭. ছাত্র-ছাত্রীর ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ জাতীয় বিশ্ববিদ্যালয়/ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি এবং পাঠদানের অনুমতি থাকতে হবে;

৮. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে কোনরূপ টিউশন ফি গ্রহণ করা যাবে না;

৯. তৃতীয় লিঙ্গধারী সকল শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তির জন্য বিবেচিত হবে এবং এদের তালিকা পৃথকভাবে প্রেরণ করতে হবে;

১০. সংশ্লিষ্ট শিক্ষার্থীর মোবাইল নম্বর PMEAT -2 এবং PMEAT -4 এ অবশ্যই উল্লেখ থাকতে হবে। শিক্ষার্থীর মোবাইল নম্বর না থাকলে সেক্ষেত্রে শিক্ষার্থীর পিতা/মাতা অথবা শিক্ষার্থী বিবাহিত হলে স্বামী/স্ত্রী এর মোবাইল নম্বর দেওয়া যেতে পারে;

১১. ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে দরিদ্র বলে গণ্য করে ছাত্রীদের ৭৫% ও ছাত্রদের ২৫% শিক্ষার্থীর তথ্যাদি উপবৃত্তির জন্য প্রেরণ করা যাবে না।

এক নজরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক অনুদান প্রদানের তথ্য

| অর্থবছর | কিস্তি | শিক্ষার্থীর সংখ্যা | মোট টাকার পরিমাণ | অর্থবছরে মোট | অর্থবছরে মোট |
|---|---|---|---|---|---|
| ২০১৪-২০১৫ | ১ম | ৯৯জন | ২,৪১,০০০/- | ৯৯ জন | ২,৪১,০০০/- |
| ২০১৫-২০১৬ | ১ম | ৪০ জন | ১,১৭,০০০/- | ৮২ জন | ২,২৭,০০০/- |
| ২০১৫-২০১৬ | ২য় | ৪২জন | ১,১০,০০০/- | | |
| ২০১৬-২০১৭ | ১ম | ৮৯জন | ২,০৭,০০০/- | ১৪৮ জন | ৩,৫৮,০০০/- |
| ২০১৬-২০১৭ | ২য় | ৫৯জন | ১,৫১,০০০/- | | |
| সর্বমোট | | | | ৩২৯ জন | ৮,২৬,০০০/- |

দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের তথ্য

| অর্থবছর | কিস্তি | শিক্ষার্থীর সংখ্যা | মোট টাকার পরিমাণ | অর্থবছরে মোট | অর্থবছরে মোট |
|---|---|---|---|---|---|
| ২০১৪-২০১৫ | ১ম | ০৬ জন | ৯৫,০০০/- | ০৬ জন | ৯৫,০০০/- |
| ২০১৫-২০১৬ | ১ম | ০৪ জন | ৫০,০০০/- | ০৫ জন | ৭০,০০০/- |
| ২০১৫-২০১৬ | ২য় | ০১ জন | ২০,০০০/- | | |
| ২০১৬-২০১৭ | ১ম | ০৫ জন | ১,০৫,০০০/- | ০৭ জন | ১,৪৫,০০০/- |
| ২০১৬-২০১৭ | ২য় | ০২ জন | ৪০,০০০/- | | |
| সর্বমোট | | | | ১৭ জন | ৩,১০.০০০ |

## ট্রাস্ট কর্তৃক আয়োজিত কর্মশালাসমূহ

### ক. 'শিক্ষার মানোন্নয়ন বিষয়ক' কর্মশালা

৭টি বিভাগে 'শিক্ষার মানোন্নয়ন বিষয়ক' কর্মশালা আয়োজন করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে আয়োজিত কর্মশালা থেকে প্রাপ্ত সুপারিশসমূহ প্রধানমন্ত্রীর কার্যালয় ও শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে এবং প্রতিবেদন আকারে প্রকাশ করা হয়েছে।



১৩ মে, ২০১৫ তারিখে ঢাকা বিভাগে অনুষ্ঠিত শিক্ষার মানোন্নয়নে করণীয় শীর্ষক কর্মশালা

### খ. 'শিক্ষার্থী ঝরে পড়া রোধে করণীয়' শীর্ষক কর্মশালা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে শিক্ষার্থী ঝরে পড়ার কারণ ও তা রোধকল্পে করণীয় নির্ধারণের জন্যে ৩০টি জেলায় কর্মশালার আয়োজন করা হয়।



২৯ মে, ২০১৫ তারিখে গোপালগঞ্জ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত 'ঝরে পড়া রোধে করণীয়' শীর্ষক কর্মশালা

### গ.' নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক কর্মশালা

২৭টি জেলায় 'নারী 'শিক্ষা অব্যাহত এবং নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয' শীর্ষক কর্মশালা ২৭টি জেলায় আয়োজন করা হয়েছে। জেলা পর্যায়ে আয়োজিত কর্মশালা থেকে প্রাপ্ত সমন্বিত সুপারিশসমূহ শিক্ষা মন্ত্রণালয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ এবং বই আকারে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।




চিত্র: কুমিল্লার সার্কিট হাউস এ ১৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত কর্মশালায় অংশগ্রহণকারী নারীদের একাংশ

## এগিয়ে যাচ্ছে বাংলাদেশ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে 'এগিয়ে যাচ্ছে বাংলাদেশ' শিরোনামে একটি সংকলন প্রকাশ করা হয়েছে যাতে স্বাধীন সার্বভৌম বর্তমান বাংলাদেশের সার্বিক উন্নতির চিত্র উপস্থাপন করা হয়েছে। তাছাড়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা, আর্থ-সামাজিক ও অন্যান্য ক্ষেত্রে সার্বিক অগ্রগতির উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে।





এগিয়ে যাচ্ছে বাংলাদেশ প্রকাশনার প্রচ্ছদ

## স্নাতক ও সমমান পর্যায়ে ভর্তির হার বৃদ্ধি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অর্থে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের ফলে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের ভর্তির হার বৃদ্ধি পেয়েছে এবং ঝরে পড়ার হার হ্রাস পেয়েছে যা নিম্নের চিত্র ও সারণির মাধ্যমে উপস্থাপন করা হল:

**সারণি:** শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রী ভর্তি বৃদ্ধির হার

| শিক্ষাবর্ষ | মোট ভর্তিকৃত ছাত্রী সংখ্যা | মোট ভর্তিকৃত ছাত্র সংখ্যা |
|---|---|---|
| ২০১১-২০১২ | ১,২৭,৯৮৩ জন | ১,৪৩,৬০৯ |
| ২০১২-২০১৩ | ১,৬৮,১১৬ জন | ১,৮১,৮৪২ |
| ২০১৩-২০১৪ | ১,৮৪,৯২৭ জন | ২,০০,০২৬ |
| ২০১৪-২০১৫ | ১,৭৭,৮৬৫ জন | ১,৯৮,৫২২ |




### প্রযুক্তি ও অনলাইনভিত্তিক কার্যক্রম

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট অফিসে Internet Line সংযোগ নেওয়া হয়েছে। www.pmedutrust.gov.bd নামে ট্রাস্ট এর একটি ওয়েবসাইট খোলা হয়েছে এবং যাবতীয় কার্যক্রম (online) অনলাইনভিত্তিক করা এবং e-stipend করার প্রক্রিয়া প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i program এর সহয়োগিতায় কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর www. facebook.com/pmedutrust.gov.bd নামে একটি ফেইসবুক রয়েছে।

২০২১ খ্রিস্টাব্দের মধ্যে বাংলাদেশকে উচ্চ মধ্যম-আয়ের দেশ এবং ২০৪১ খ্রিস্টাব্দে উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট' শিক্ষাসহ আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শিক্ষা ও রাষ্ট্রের সার্বিক উন্নয়নের লক্ষ্যে ট্রাস্ট বিভিন্ন পরিকল্পনা ও কৌশল নির্ধারণ করে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করছে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্যে ভিজিট করুন www.pmedutrust.gov.bd


**মোঃ নূরুল আমিন**
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ও সদস্য সচিব, ট্রাস্টি বোর্ড
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ।


বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
ফোন: ০২-৮১৯২২০০, ফ্যাক্স: ০২-৮১৯১০১৯
ইমেইল: md_pmedutrust@yahoo.com
www.pmedutrust.gov.bd